গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৯.২২(অংশ)-৪৭৮

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

বিষয়: ২০২৭ সালের হজে হজযাত্রী পরিবহনে এয়ারলাইন্সের অনুকূলে হজযাত্রীর কোটা (সংখ্যা) বরাদ্দ প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) বাংলাদেশ হজ অফিস জেদ্দার স্মারক নং: ১৬.০৪.০০০০.০০০.১৮.১৪.২০২৩-২০৫, তারিখ: ০২.০৬.২০২৬
(২) পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং: ১৯.০০.০০০০.০০০.৪৬৫.০৮.৪০৬.১৩/০৭১৬, তারিখ: ২৩.০৮.২০২৬
(৩) পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং: ১৯.০০.০০০০.০০০.৪৬৫.০৮.৪০৬.১৩/০৭১৫, তারিখ: ২৩.০৮.২০২৬
(৪) পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং: ১৯.০০.০০০০.০০০.৪৬৫.০৮.৪০৬.১৩/০৭২৯, তারিখ: ২৫.০৮.২০২৬
(৫) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং: ১৬.০০.০০০০.০০৩.৪০.০০৯.২২(অংশ)-৪০৭, তারিখ: ১৫.০৯.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকার ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে ০৯ নভেম্বর ২০২৬ তারিখে দ্বি-পাক্ষিক হজ চুক্তি ২০২৭ স্বাক্ষরিত হয়েছে। হজ চুক্তি অনুযায়ী বাংলাদেশের হজযাত্রীর চূড়ান্ত সংখ্যা ৮৩,৫০০ জন। সূত্রোক্ত ০৫ নং স্মারকের মাধ্যমে হজযাত্রী পরিবহনের জন্য তিনটি এয়ারলাইন্সকে সম্ভাব্য কোটা বরাদ্দ প্রদান করা হয়। বর্ণিতাবস্থায়, তিনটি এয়ারলাইন্সকে নিম্নোক্তভাবে চূড়ান্ত কোটা (সংখ্যা) নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো:

ক্রম. নং	এয়ারলাইন্সের নাম	নিবন্ধিত হজযাত্রীর শতকরা হার (%)	হজযাত্রী কোটা (সংখ্যা)
৪.	বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি.	৫০%	৪১,৭৫০
৫.	সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স লি.	৩৫%	২৯,২২৫
৬.	ফ্লাইনাস এয়ারলাইন্স লি.	১৫%	১২,৫২৫
		মোট=	**৮৩,৫০০ জন**

০২। **বর্ণিত এয়ারলাইন্সসমূহকে হজযাত্রী পরিবহনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি পরিপালন করতে হবে:**

১. হজ চুক্তি এবং বরাদ্দকৃত কোটা অনুযায়ী এয়ারলাইন্সসমূহ সৌদি আরবের জেদ্দা ও মদিনা বিমানবন্দরের মাধ্যমে নির্ধারিত সংখ্যক হজযাত্রীর গমনাগমন নিশ্চিত করবে;
২. সরকার ঘোষিত হজ প্যাকেজের নির্ধারিত বিমান ভাড়ায় এয়ারলাইন্সসমূহ ডেডিকেটেড ফ্লাইটে হজযাত্রী পরিবহন করবে। ডেডিকেডেড ফ্লাইটে বিজনেস ক্লাসের জন্য অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না;
৩. হজযাত্রীর কোটা (সংখ্যা) **বরাদ্দ প্রদানের ২ দিনের** মধ্যে এয়ারলাইন্সসমুহ GACA কর্তৃক অনুমোদিত চূড়ান্ত ফ্লাইট সিডিউল ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
৪. GACA ও বেবিচক অনুমোদিত ফ্লাইট সিডিউল এয়ারলাইন্সসমূহ **১৮ নভেম্বর ২০২৬** এর মধ্যে প্রকাশ করে নিজস্ব ওয়েবসাইট ও হজ পোর্টালে আপলোড করবে;
৫. এয়ারলাইন্সসমূহ এজেন্সির নিকট হতে টিকেটের চাহিদা প্রাপ্তির ৪৮ ঘন্টার মধ্যে টিকেট প্রদানের বিষয়ে সিদ্ধান্ত জানাবে এবং পে-অর্ডার প্রাপ্তির পর অনতিবিলম্বে এজেন্সির অনুকূলে PNR প্রেরণ নিশ্চিত করবে;
৬. প্রি-হজ ফ্লাইট সিডিউলের মধ্যবর্তী পর্যায়ে (১১ দিন) একটি এজেন্সির মোট হজযাত্রীর কমপক্ষে ২০% টিকেট ইস্যুকরণ এয়ারলাইন্সসমূহ নিশ্চিত করবে;
৭. এজেন্সির অনুকূলে টিকেট ইস্যু করে এয়ারলাইন্সসমূহ নিজস্ব ওয়েবসাইটসহ ই-হজ সিস্টেমে আবশ্যিকভাবে Entry করবে। টিকেট ইস্যুর সঙ্গে সঙ্গে টিকিট নম্বর ও ফ্লাইট নম্বর দিয়ে হজযাত্রীকে SMS প্রদান করবে;

৮. সৌদি নুসুক মাসার সিস্টেমে প্রি-অ্যারাইভাল ডাটা প্রদান নিশ্চিতকরণে এয়ারলাইন্সসমূহ ফ্লাইট ছাড়ার ২৪ ঘণ্টা পূর্বে প্রথমবার এবং ফ্লাইট ছাড়ার সাথে সাথে দ্বিতীয়বার Passenger Name List (PNL) সঠিক ফর্মেটে ই-হজ সিস্টেমে আপলোড করবে। প্রি-হজ এবং পোস্ট হজ উভয় পর্বের জন্য এটি প্রযোজ্য হবে;

৯. ই-হজ সিস্টেমে তথ্য প্রদান, হজযাত্রীর অনুকূলে টিকিট বিক্রি সংক্রান্ত SMS প্রদান ও অন্যান্য সেবা প্রস্তুতি হজ ফ্লাইট শুরুর ১ (এক) মাস পূর্বে এয়ারলাইন্সসমূহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করবে;

১০. কোন এয়ারলাইন্স তার নির্ধারিত কোটার অতিরিক্ত হজযাত্রীর পে-অর্ডার গ্রহণ এবং হজযাত্রী পরিবহন করতে পারবে না। এর ব্যত্যয় হলে তা হজ ব্যবস্থাপনায় অসদাচরণ হিসেবে গণ্য হবে;

১১. হজে গমনের পূর্বে হজযাত্রীর মৃত্যু হলে সংশ্লিষ্ট এয়ারলাইন্স টিকেটের সমুদয় অর্থ ফেরত প্রদান করবে। মৃত্যুবরণকারী হজযাত্রীর সাথে সহগামী হিসেবে নিবন্ধিত পরিবারের কোন সদস্য হজে গমন না করলে তার/ তাদের বিমান ভাড়ার অর্থ ফেরত প্রদান করতে হবে। সৌদি আরবে হজযাত্রীর মৃত্যু হলে ৫০ শতাংশ ভাড়া মৃত্যুবরণকারীর পরিবারকে ফেরত দিতে হবে;

১২. দুর্ঘটনা/গুরুতর অসুস্থতা/ভিসা জটিলতা/অন্য কোন যৌক্তিক কারণে নির্ধারিত ফ্লাইটে কোনো হজযাত্রীর গমন সম্ভব না হলে এয়ারলাইন্সসমূহ হজযাত্রীকে প্রতিস্থাপন সুবিধা প্রদান করবে। এক্ষেত্রে হজযাত্রীর সাথে সহগামী হিসেবে নিবন্ধিত পরিবারের কোনো সদস্য হজে গমন না করলে প্রতিস্থাপন সুবিধা প্রদান করতে হবে। সরকারি মাধ্যমের হজযাত্রীর ক্ষেত্রে হজ অফিস, ঢাকা এবং এজেন্সির হজযাত্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট এজেন্সি কমপক্ষে ৩৬ ঘণ্টা পূর্বে সংশ্লিষ্ট এয়ারলাইন্সকে অবহিত করবে;

১৩. দুর্ঘটনা/গুরুতর অসুস্থতা/ভিসা জটিলতা/অন্য কোন যৌক্তিক কারণে কোনো হজযাত্রী তার নির্ধারিত ফ্লাইটে গমন করতে না পারলে এজেন্সিসমূহ এয়ারলাইন্সকে ২৪ ঘণ্টা পূর্বে লিখিতভাবে অবহিত করবে এবং টিকেট পরিবর্তনের সুবিধা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে No Show চার্জ প্রযোজ্য হবে না। উল্লেখ্য, হজযাত্রীর টিকেট পরিবর্তন চার্জ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে নির্ধারণ করতে হবে;

১৪. হজ পরবর্তী ফ্লাইটে হজযাত্রীদের টিকেট পরিবর্তন প্রয়োজন হলে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নীতিমালা অন্য এয়ারলাইন্সসমূহ অনুসরণ করবে;

১৫. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত হজের নিয়ম-কানুন সম্বলিত তৈরিকৃত ভিডিও এয়ারলাইন্সসমূহ আবশ্যিকভাবে হজে গমনকালে বিমানে (In Flight) প্রদর্শন করবে। ভিডিও প্রদর্শন না করা হলে বিষয়টি সুষ্ঠু হজ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট এয়ারলাইন্সের অসহযোগিতা/অবহেলা হিসেবে গণ্য হবে;

১৬. হজযাত্রীর অর্থায়নে ক্রয়কৃত জমজম পানি (অতিরিক্তসহ) এয়ারলাইন্সসমূহ বাংলাদেশে আনার ব্যবস্থা গ্রহণ করেব। দেশে ফেরার সময় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সংশ্লিষ্ট এয়ারপোর্ট হতে প্রত্যেক হাজীকে ৫ লিটারের এক বোতল জমজম পারি সরবরাহ নিশ্চিত করবে। অবশিষ্ট পারি (অতিরিক্ত ক্রয়কৃত এবং দেশে না ফেরা/মৃত্যুবরণকারী হজযাত্রীর পারি) হজ পরবর্তী শেষ ফ্লাইটের ৩ দিনের মধ্যে পরিচালক, হজ অফিস, ঢাকা-কে বুঝিয়ে দিতে হবে;

১৭. হজযাত্রীর লাগেজ হোটেল/বাড়িতে প্রেরণ নিশ্চিতকল্পে একই ফ্লাইটে হজযাত্রীর সাথে লাগেজ পাঠাতে হবে;

১৮. হজযাত্রী পরিবহনের এয়ারক্রাফ্ট ওয়াইড বডি সম্পন্ন হবে এবং হজযাত্রীদের মানসম্মত খাবার/সেবা পরিবেশন করতে হবে;

১৯. হজ প্যাকেজ ও গাইডলাইন ২০২৭ এ এয়ারলাইন্সসমূহের হজযাত্রী পরিবহন বিষয়ে যে সকল সিদ্ধান্ত গৃহীত হয়েছে সে সকল সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং

২০. হজযাত্রী কোটা (সংখ্যা) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনে হ্রাস/বৃদ্ধি/পরিবর্তন ও সংশোধনের এখতিয়ার সংরক্ষণ করে।

০৩। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতীব জরুরি।

মো: তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন :+৮৮-০২-৫৫১০০৮৯৯
email: morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

২. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স লি., ১৩৪ গুলশান এভিনিউ, ঢাকা।
৩. সেলস এন্ড মার্কেটিং ম্যানেজার (হজ এন্ড ওমরাহ), ফ্লাইনাস এয়ারলাইন্স লি., ঢাকা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা।
৩. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৪. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB), কুর্মিটোলা, ঢাকা।
৫. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৮. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
১১. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা।
১২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ঢাকা (www.hajj.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
১৩. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার ..... ২০২৭ সনের হজ কার্যক্রম পরিচালনাকারী সকল এজেন্সি।
১৪. অফিস কপি।